বাগেরহাটে রবীন্দ্র,নজরুল ও শহিদুল্লাহের জন্মজয়ন্তী উদযাপন

বাগেরহাটে বিভিন্ন কর্মসূচীর মধ্যদিয়ে বিশ^কবি রবীন্দ্র নাথ ঠাকুর, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম এবং কবি রুদ্র মুহাম্মদ শহিদুল্লাহর জন্মজয়ন্তী উদ্যাপন করা হয়েছে। বুধবার (১৯ জুন) সকালে জেলা প্রশাসন ও শিশু একাডেমীর উদ্যোগে রবীন্দ্র ও নজরুল সংগীত, নৃত্য ও আবৃতি প্রতিযোগিতা এবং সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। পরে বিকেলে শিশু একাডেমী মিলানায়তনে আলোচনা সভা ও পুরষ্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, বাগেরহাটের অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মো: জহিরুলইসলাম।

জেলা শিশু বিষয়ক কর্মকর্তা শেখ আসাদুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য দেন, সদর উপজেলার সাবেক মহিলা ভাইস চেয়ারম্যন এ্যাড. পারভীন আহমেদ, বিশিষ্ট শিক্ষাবিদ মুখার্জী রবিন্দ্র নাথ, প্রেসক্লাবের যুগ্ন সম্পাদক শেখ আজমল হোসেন, ডাঃ রিয়াজুল ইসলাম প্রমুখ।
এ সময় বক্তারা বলেন, রবীন্দ্রনাথ ঠাকুর ও নজরুল ইসলাম এবং রুদ্র মুহাম্মদ শহিদুল্লাহর জীবনী পাঠ করে আমাদের শিক্ষা নিতে হবে। প্রকৃত মানুষ হিসেবে শিশুদের গড়ে তুলতে মনীষীদের জীবনী পাঠ করাতে হবে।

নতুন বার্তা ২৪/ ইডি